



## বসন্ত

□ জয়িত্রী সরকার

নবম শ্রেণি, ক - শাখা, রোল নং - ৫

## আমার ভালবাসার ঘর

□ নবনীতা রায়

নবম শ্রেণি, ক - শাখা

এটাই আমার ঘর

যেখানে নেই হিংসা, বিদ্বেষ আর আপন পর,  
ভাই বোনের মিলনে ভরা -

অনেক ভালোবাসা দিয়ে গড়া।

এটাই আমার ঘর

বড় মানুষ হতে

এখানেই দেখি নানা স্বপ্ন

মা, বাবার আশীর্বাদে

পূরণ হবে আমার সেই স্বপ্ন।

বড়রা ছোটদের ভালোবাসা দেওয়া

ছোটরা বড়দের সম্মান দেওয়া

সন্ধে বেলা ভগবানের প্রার্থনা করা

এই হল আমার ঘরের পরম্পরা।

বসন্ত এল,

চারদিক আনন্দে উঠল মেতে।

ঝিলমিল করে চারদিক,

রোদের আলোতে।

দূলে উঠে সবুজ পাতা রঙিন আভাতে,

ফুলের সুগন্ধে চারদিক উঠল মেতে।

কোকিলের কণ্ঠ যখন কানে আসে,

তখনই সব দুঃখ আমরা যাই ভুলে।

মনে হয় যেন আমরা রয়েছি

অপার আনন্দে।

এত যে অপরূপ তুমি বসন্ত !

তোমার মধ্যে নেই কোনো কলঙ্ক,

সত্যিই অপরূপ, তুমি বসন্ত !

## ছোট পাখি টুনটুনি

□ রিয়া চৌধুরী

ষষ্ঠ শ্রেণি, ক - শাখা, রোল নং - ১৭

ছোট পাখি

টুনটুনি

ফুরুর করে উড়ে

আশে পাশে

শব্দ পেলেই

পালিয়ে যায় দূরে।

কত বলি

টুনটুনি

এসো কাছে আমার

টুনটুনি বলে

আজ আর নয়

আসব আমি আবার।